

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.০২.০০৩.১৯-১৫

তারিখঃ ১৮ পৌষ ১৪২৬ ব.
০২ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ বিজ্ঞ সহকারী জজ আদালত মেহেন্দীগঞ্জ, বরিশাল-এ দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-৭০/২০১৯ এর বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

সূত্রঃ বিজ্ঞ সহকারী জজ আদালত মেহেন্দীগঞ্জ, বরিশাল হতে প্রাপ্ত দেওয়ানী মোকদ্দমা নং-৭০/২০১৯ এর সমনসহ আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলাধীন গোয়াল ভাওর শাহানশাহ স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসায় বাদীপক্ষ (১। মো: আবদুজ জাহের, প্রধান শিক্ষক ২। মো: আবদুল মোতালেব, সহকারী প্রধান শিক্ষক এবং ৩। মো: নুরুল ইসলাম, ইবতেদায়ী কারী) বহাল ও বলকৎ আছেন মর্মে তাদের সরকারি অনুদান দেওয়ার ডিক্রি এবং ১-৪ নং বিবাদীগণ বর্ণিত মাদ্রাসার শিক্ষক নন মর্মে ঘোষণামূলক ডিক্রি প্রদানসহ বর্ণিত মাদ্রাসাটি অন্যত্র স্থানান্তর না করতে পারার ডিক্রি দেওয়ার জন্য জনাব মো: আবদুজ জাহের গং (৩ জন) কর্তৃক মেহেন্দীগঞ্জ সহকারী জজ আদালত, বরিশাল-এ দেওয়ানী মোকদ্দমা নং-৭০/২০১৯ দায়ের করা হয়।

২। উক্ত দেওয়ানী মোকদ্দমায় বিবাদী পক্ষ স্বয়ং অথবা উকিলের মাধ্যমে বাদীর নালিশের জবাব দেওয়ার জন্য ২৯/১১/২০১৯ তারিখ সকাল ১০ ঘটিকায় স্বপক্ষের প্রয়োজনীয় দালিলাদি ও স্বাক্ষরসহ আদালতে উপস্থিত থাকার জন্য বিবাদীপক্ষকে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত মামলায় সচিব, টিএমইডি-কে ১৩ নং, ডিজি, ডিএমই-কে ১২ এবং চেয়ারম্যান, বিএমইবি-কে ১৪ নং সহ মোট ১৫ জনকে বিবাদী করা হয়েছে।

৩। উল্লেখ্য মোকদ্দমার বিষয়টি স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা সংক্রান্ত এবং ডিজি, ডিএমইকে উক্ত মোকদ্দমায় ১২ নং বিবাদী করা হয়েছে বিধায় বর্ণিত মামলার বিষয়ে সরকার পক্ষে ডিজি, ডিএমই কর্তৃক প্রতিদ্বন্দ্বিতা করা আবশ্যিক।

৪। এমতাবস্থায়, বিজ্ঞ সহকারী জজ আদালত মেহেন্দীগঞ্জ, বরিশাল-এ দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-৭০/২০১৯ এর বিষয়ে গত ২৯/১১/২০১৯ তারিখে সরকার পক্ষে জবাব দাখিলের কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এর হালনাগাদ তথ্যাদি আগামি ১২/০১/২০২০ তারিখের মধ্যে টিএমইডিকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।